# সীতাকুণ্ডে র‍্যাবের ওপর সশস্ত্র হামলায় একজন নিহত, ৩ সদস্য সংকটাপন্ন



সংগৃহীত ছবি

চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলায় অভিযানের সময় র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-৭) সদস্যদের লক্ষ্য করে সন্ত্রাসীরা ভয়াবহ হামলা চালিয়েছে। এতে একজন র‍্যাব কর্মকর্তা প্রাণ হারিয়েছেন এবং আরও তিনজন গুরুতর আহত হয়েছেন।

সোমবার (১৯ জানুয়ারি) বিকেলে জঙ্গল সলিমপুর এলাকায় এ ঘটনা ঘটে। ঘটনার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় অতিরিক্ত র‍্যাব ইউনিট ও সেনাবাহিনীর সদস্য মোতায়েন করা হয়। নিরাপত্তা বাহিনীর যৌথ অভিযানে পুরো এলাকা ঘিরে ফেলা হয়েছে।

নিহত কর্মকর্তা ডিএডি মো. মোতালেব, তিনি র‍্যাব-৭, চট্টগ্রামে কর্মরত ছিলেন।

প্রাথমিকভাবে জানা গেছে, পতেঙ্গা থেকে একটি র‍্যাব টিম অভিযানে গেলে আগে থেকে অবস্থান নেওয়া সন্ত্রাসীরা অতর্কিতে হামলা চালায়।

সীতাকুণ্ড থানার ওসি মো. মহিনুল ইসলাম জানান, খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই পুলিশ ঘটনাস্থলে পৌঁছে র‍্যাব ও সেনাবাহিনীর সঙ্গে সমন্বয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছে। আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখতে অভিযান অব্যাহত রয়েছে।

LENS ASIA